ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*******

স-৭৩৬

শান্তিরবাজার, ১৬ মে, ২০২৫

**বকাফা ব্লকে ১০১৯টি পরিবারকে শৌচালয়**

স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) প্রকল্পে চলতি অর্থবছরে বকাফা ব্লক এলাকার ১,১৮২টি পরিবারকে শৌচালয় নির্মাণ করে দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। মার্চ মাস পর্যন্ত ১,০১৯টি শৌচালয় নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। প্রত্যেকটি শৌচালয় নির্মাণে ব্যয় হবে ১২,০০০ টাকা করে। অবশিষ্ট ১৬৩টি শৌচালয় নির্মাণের কাজ খুব শীঘ্রই শেষ করা হবে। বকাফা ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******